











ইংরেজবাজারে অনুষ্ঠিত হতে চলেছে কার্নিভাল উৎসব, বৈঠক করলেন জেলা শাসক

জেলার একমাত্র অভয়ারণ্যকে পর্যটকমুখী করতে উদ্যোগ

নিজস্ব প্রতিবেদন, মালদা: বড়দিনের ছুটির মুখে মালদার ইংরেজবাজারে অনুষ্ঠিত হতে চলেছে কার্নিভাল উৎসব। আর তার আগেই এই কার্নিভাল উৎসবকে সুষ্ঠুভাবে পরিচালনা করার ক্ষেত্রে ইংরেজবাজার পুরসভার সঙ্গে বৈঠক করল জেলা পুলিশ ও প্রশাসনের কর্তারা।



উল্লেখ্য, ইংরেজবাজার পুরসভার উদ্যোগেই অনুষ্ঠিত হতে চলেছে এই কার্নিভাল উৎসব। যেকোনও দিন ধরে বিভিন্ন জনপ্রিয় সংগীত শিল্পী, অভিনেতা, অভিনেত্রীরা অংশ নেবেন। এই কার্নিভাল উৎসব যাতে কোনওরকম বিঘ্না না হয় তার জন্যই জেলা পুলিশ ও প্রশাসন পুরসভার

সঙ্গে বৈঠকের পরই বিবেকানন্দ স্কুল সংলগ্ন ডিএসএ'র মাঠ পরিদর্শন করেন। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, গত বছর ইংরেজবাজার শহরের বৃন্দাবনে মাঠেই কার্নিভাল উৎসব পরিচালিত হয়। কিন্তু বিশেষ কিছু কারণে বৃন্দাবনী মাঠে কার্নিভাল উৎসব বন্ধ রেখেই জেলা ক্রীড়া সংস্থার অন্তর্গত বিবেকানন্দ স্কুল সংলগ্ন মাঠেই করা হচ্ছে। ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান কুক্ষেপু চৌধুরী জানিয়েছেন, ২৫ ডিসেম্বর থেকে ১ জানুয়ারি পর্যন্ত কার্নিভাল উৎসব চলবে। বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। সেই দিকে লক্ষ্য রেখেই আগোতর এই মাঠে কার্নিভাল উৎসব করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নিজস্ব প্রতিবেদন, বর্নগাঁ: রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পর্যটকদের উপর জোর দেওয়ার নির্দেশ দিয়েছে। তার নির্দেশ মোতাবেক উত্তর ২৪ পরগণার একমাত্র অভয়ারণ্য ও বিভূতিভূষণ অভয়ারণ্য পারামনাকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করার উদ্যোগ নেওয়া হল। বুধবার জেলা পরিবহনের বন ও ভূমির কর্মাঞ্চল একেএম ফারহাদের নেতৃত্বে একটি প্রতিনিধি দল পারমাদন অভয়ারণ্য পরিদর্শন করেন। ফারহাদ ছাড়াও উপস্থিত ছিলেন বন দপ্তর, পর্যটন দপ্তর, জেলা পরিবহন, বাগদার বিডিও, ব্রুক হলের সর্ক অধিকারিক সহ নির্বাচিত প্রতিনিধিরা। এদিন অভয়ারণ্য সহ পার্শ্ববর্তী এলাকা ঘুরে দেখেন সকলে তারপর সকলকে নিয়ে একটি বৈঠক হয়। সেখানে অভয়ারণ্য সহ পার্শ্ববর্তী এলাকার সার্বিক উন্নয়ন কিভাবে করা হবে তার একটি রূপরেখা তৈরি হয়। ফারাদ বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পর্যটকদের মান উন্নয়ন করে গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করার নির্দেশ দিয়েছেন। আমরা সেই পথেই চলাতে জেলার একমাত্র অভয়ারণ্য সহ পার্শ্ববর্তী ভ্রমণ ক্ষেত্রের মান উন্নয়ন করে জায়গাটিকে পর্যটকমুখী করতে চাইছি। এখানে বেশ কিছু সমস্যা আছে তাই



সকলকে নিয়ে বৈঠক করে সেগুলির সমাধান করা হবে। জেলার এডিএফও আঁকি আলম বলেন, ইতিমধ্যেই বন দপ্তরের তরফে একটি নতুন গুয়াচা-টাওয়ার, পর্যাপ্ত আলো ব্যবস্থা, রেস্ট হাউজের ও ফেনসিংয়ের সংস্কার করার প্রয়োজন পাঠানো হয়েছে বলে জানান এডিএফও। এদিন জনপ্রতিনিধি বলেন, পর্যটকদের সংখ্যা বাড়তে হলে রাস্তার সংস্কার, পানীয়জল, পর্যটকদের বসার জায়গা, টয়লেট, পার্শ্ববর্তী ইছামতী নদীর সংস্কার করে বোর্ডিং এর ব্যবস্থা করতে হবে। পাশাপাশি অভয়ারণ্য ঘুরে দেখবার জন্য ব্যাটরিচালিত গাড়ির চালু করারও প্রস্তাব দেওয়া হয়।

Table with multiple columns for Union Bank of India auctions, including item details, prices, and dates.

Table with multiple columns for various government and private auctions, including item details, prices, and dates.



